# শরী‘আতের স্বয়ংসম্পূর্ণতা ও বিদ‘আতের ভয়াবহতা

বিভাগ/অধ্যায়ঃ মানবাত্মার ওপর বিদ‘আতের কু-প্রভাব

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মানবাত্মার ওপর বিদ‘আতের কু-প্রভাব

আমি বলি, আর আমি আল্লাহর নিকট এমন কথা বলা থেকে আশ্রয় চাই যে বিষয়ে আমার কোনো ইলম নেই- ঐ সব লোক যারা বিদ‘আতের প্রতি আসক্ত তাদের অধিকাংশকে তুমি দেখতে পাবে যে, তারা এমন সব বাস্তবায়ণ করতে অনীহা প্রকাশ করে থাকে যা শরী‘আত হিসেবে প্রমাণিত এবং যা সুন্নাত হিসেবে সাব্যস্ত। অতঃপর যখন তারা বিদ‘আত কর্ম পালন শেষ করে তখন তারা সুসাব্যস্ত সুন্নাত পালন করতে অপারগ হয়ে পড়ে ।

আর এ গুলো সবই হলো মানবাত্মার ওপর বিদ‘আতের কু-প্রভাব ও ক্ষতিকর দিক। মানবাত্মার ওপর বিদ‘আতের কু-প্রভাব খুবই প্রকট এবং তার ক্ষতিসমূহ খুবই মারাত্মক। যে কোনো সম্প্রদায়ের লোকেরা আল্লাহর দীনের মধ্যে কোনো একটি বিদ‘আত আবিষ্কার করে, সে সমপরিমাণ বা তার চেয়ে অধিক পরিমাণ সুন্নাতকে ধ্বংস করে। যেমনটি এ ধরনের কথা বলেছেন অনেক পূর্বসূরি আহলে ইলমগণ।

কিন্তু যখন একজন মানুষ এ কথা অনুভব করবে যে, সে কেবল একজন অনুসারী, সে শরী‘আত প্রবর্তনকারী নয়, এ দ্বারা তার মধ্যে আল্লাহর ভয়, আল্লাহর জন্য অবনত ও অনুগত হওয়া, আল্লাহর বান্দা হওয়ার সৌভাগ্য লাভ হবে এবং মুত্তাকীদের ইমাম, সমস্ত রাসূলদের সরদার ও সমগ্র জগতের রবের রাসূল মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পরিপূর্ণ ইত্তেবা করার যোগ্যতা অর্জন করবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10189

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন